**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**14 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

(১) আসামের সূক্ষ্ম, ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলিকে এডভান্টেজ আসামের সঙ্গে সংযুক্ত হতে রাজ্যের মন্ত্রী বিমল বরার আহ্বান/

(২) আগামীকাল থেকে রাজ্যে মাধ্যমিক পরীক্ষা আরম্ভ/

(৩) রাজ্যের অবৈধ কয়লা খনন সম্পর্কিত মামলাসমূহ একত্রিত করতে গৌহাটি হাইকোর্টের নির্দেশ/

(৪) ধেমাজি থেকে নিখোঁজ পাঁচজন স্কুলছাত্রকে আজ শিলচর রেলস্টেশন থেকে কাছাড় পুলিশের উদ্ধার/

(৫) উত্তরাখন্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় ক্রীড়া সমারোহের আজ সমাপ্তি/

---

আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে বিনিয়োগকারীকে স্বাগত জানাতে রাজ্য সরকার

প্রস্তুতি অব্যাহত রেখেছে । রাজ্যের শিল্প ও বানিজ্য মন্ত্রী বিমল বরা আজ মুখ্য সচিব ড: রবি কোটার উপস্থিতিতে রাজ্যের শিল্পপতিরা সহ সুক্ষ ক্ষুদ্র ও মধ্যম শিল্প উদ্যোগীদের সংগে এক গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হন ।শ্রী বরা রাজ্যে ব্যবসার এক নতুন সুযোগ সৃষ্টি তথা সুক্ষ ক্ষুদ্র ও মধ্যম শিল্প উদ্যোগের প্রসারের ক্ষেত্রে সহায়তার জন্য এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে স্থানীয় বিনিয়োগকারীদের সংযুক্ত হতে আহ্বান জানিয়েছেন ।বৈঠকে শিল্প ও বানিজ্য বিভাগের সচিব ড: লক্ষ্মনন ছাড়া ও প্রতিটি জেলার আয়ুক্ত ও জেলা শিল্প বানিজ্য কেন্দ্রের আধিকারিকরা ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সংযুক্ত হন । । এডভান্টেজ আসামের প্রথম সংস্করণে ২৬২ টি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছিল ।ও ৯ হাজার ৮০৭ কোটি টাকা বিনিয়োগ হয়েছিল । খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজন করা এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে অংশ নিতে আসা বিনিয়োগকারীদের জন্য থাকা খাওয়ার বিশেষ ব্যবস্থা করা সহ প্রদর্শনীস্থানের পরিসর বৃদ্ধি করা হয়েছে বলে ও মন্ত্রী জানান ।

---

রাজ্যের ৯৪৪ টি পরীক্ষা কেন্দ্রে আগামীকাল চলতি বছরের মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হবে ।এবার মোট ৪ লক্ষ ২৯ হাজার ৪৪৮ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অবতীর্ন হবে । পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে এবার ৩১ টি অতিরিক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ও ৪২ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে । পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট জেলা

আয়ুক্তরা বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন ।সেই অনুযায়ী পরীক্ষা কেন্দ্রের ১৫ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ছাড়া অন্য লোকের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে । এ ছাড়া মোবাইল ফোন , স্মার্ট ঘড়ি ইত্যাদি সহ অন্যান্য ইলেকট্রনিক সামগ্রী ব্যবহারের ক্ষেত্রে ও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---

রাজ্য শিক্ষা গবেষণা পরিষদ বিদ্যালয় শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তনের সূচনা করতে জাতীয় শিক্ষা নীতি ২০20 অধীনে ২০২৫-২৬ শিক্ষা বছরের জন্য রাজ্যে নম্বরবিহীন শিক্ষা ব্যবস্থা আরম্ভ করতে প্রস্তুতি নিচ্ছে । পরিষদের সঞ্চালক ড: নিরদা দেবী একথা জানিয়ে বলেন যে এই ব্যবস্থায় শিক্ষার্থীদের প্রাথমিক , অগ্রগতি , দক্ষ ও উন্নত এই চারটি স্তরে গ্রেড দেওয়া হবে । এই ব্যবস্থা প্রথম পর্যায়ে প্রথম ও দ্বিতীয় শ্রেনীতে আরম্ভ হবে ও পরবর্তী পর্যায়ে অষ্টম শ্রেনী পর্যন্ত নম্বরবিহীন শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হবে । পরিষদ ইতিমধ্যে ৮ পৃষ্ঠার শিক্ষার্থীর সর্বাংগীন অগ্রগতির খতিয়ান পঞ্জী অর্থাৎ রিপোর্ট কার্ড প্রস্তুত করেছে ।বিদ্যালয়ে ভর্তির পর থেকে প্রতি তিনমাস পর পর শিক্ষার্থীর অগ্রগতি পর্যবেক্ষনের পর রিপোর্ট কার্ডে মান নিরুপণ করা হবে ।

---

রাজ্যের অবৈধ কয়লা খনন সম্পর্কিত মামলা সমূহের বিচার প্রক্রিয়া এখন থেকে একসঙ্গে চলবে । হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণয় এবং

বিচারপতি উন্নী কৃষ্ণ নায়ারের ডিভিশন বেঞ্চ উম্রাংশু কয়লা খনির ঘটনাকে নিয়ে ইতিমধ্যে রুজু হওয়া ব্যক্তিগত জনস্বার্থজনিত মামলার সঙ্গে অন্যান্য মামলা সমূহ একত্রিত করার নির্দেশ জারি করেছেন । অসম জাতীয় পরিষদের সাধারণ সম্পাদক জগদীশ ভূইঞার হাইকোর্টে এই বিষয়ে দাখিল করা জনস্বার্থজনিত আবেদনটি মূল মামলার সঙ্গে সন্নিবিষ্ট করতে আদালত নির্দেশ দিয়েছে । এদিকে আদালতের নির্দেশ অনুসারে রাজ্য সরকার অবৈধ কয়লা খনন রোধের জন্যে গ্রহণ করা ব্যবস্থাবলী সম্পর্কে হাইকোর্টে একটি শপথনামা দাখিল করেছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পুলওয়ামার আক্রমণে শহিদ হওয়া জওয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন যে- জওয়ানদের ত্যাগ এবং দেশের প্রতি তাদের আত্মোৎসর্গের কথা আগামী প্রজন্মও কখনও ভুলবেনা । উল্লেখ্য- পুলওয়ামায় সংঘটিত আক্রমণের ঘটনার আজ ছ'বছর সম্পূর্ণ হয়েছে ।

এদিকে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ বলেছেন যে- সন্ত্রাসবাদের বিরুদ্ধে অভিযান চালিয়ে সকল সন্ত্রাসবাদীকে সম্পূর্ণরূপে ধ্বংস করতে নরেন্দ্র মোদী সরকার সংকল্পবদ্ধ । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ্ পুলওয়ামা আক্রমণে প্রাণ হারানো সেনা জওয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন । তিনি বলেন যে- সন্ত্রাসবাদ হচ্ছে মানবজাতির সবচাইতে বড় শত্রু । এবং সমগ্র বিশ্ব এর বিরুদ্ধে একজোট হয়ে দাঁড়িয়েছে । তিনি আরও বলেন যে- সন্ত্রাসবাদের বিরুদ্ধে এন ডি এ সরকার শূন্য সহনশীলতা নীতিতে কাজ করে যাচ্ছে ।

---

মণিপুরে রাজ্য বিধানসভাকে সাময়িকভাবে বাতিল করে সংবিধানের ৩৫৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে ঐ রাজ্যে গতরাত থেকে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে । মণিপুরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংয়ের পদত্যাগের পর বিজেপি পুনরায় সরকার পরিচালনার ব্যবস্থা গ্রহণ না করার পরিপ্রেক্ষিতে রাজ্যপালের প্রতিবেদনের ভিত্তিতে ঐ রাজ্যে রাষ্ট্রপতি শাসন বলবৎ করা হয়। কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এই সম্পর্কে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে । এতে বলা হয়েছে যে- রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু মণিপুরের রাজ্যপালের কাছ থেকে একটি প্রতিবেদন লাভ করেছিলেন । এবং এই প্রতিবেদন বিশ্লেষণ করে রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয় ।

---

ধেমাজি থেকে নিখোঁজ পাঁচজন স্কুলছাত্রকে আজ সকালে শিলচর রেল স্টেশন থেকে উদ্ধার করা হয়েছে । ধেমাজির গোগামুখ বরদলনী লিটল গড মডেল স্কুলের পনেরো বছর বয়সের নবম শ্রেণীর পাঁচজন ছাত্র গতকাল বিকেলে স্কুল ছুটির পর বাড়ি ফিরে না আসায় তাদের অভিভাবকরা ধেমাজি থানায় রিপোর্ট করেন এর ভিত্তিতে অনুসন্ধান চালিয়ে ধেমাজি পুলিশ ঐ ছাত্রদের শিলচর রেল স্টেশনে আজ সকালে ট্রেন থেকে নামার সম্ভাবনার কথা জানান । এই খবর পেয়ে কাছাড় পুলিশ বিভিন্ন থানা এবং চৌকিতে সতর্কতা জারি করে দেন । এবং অভিযান চালিয়ে আজ সকালে শিলচর রেল স্টেশন থেকে ঐ পাঁচজনকে উদ্ধার করতে সমর্থ হয় । উদ্ধার করার পর তাদের স্বাস্থ্য পরীক্ষা করে সুস্থ বলে জানানো হয়েছে । এবং তারাপুর পুলিশ থানায় জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়েছে । সেখান থেকে তাদের গুয়াহাটিতে ফেরত পাঠানো হবে । এবং ধেমাজি পুলিশ তাদের গুয়াহাটি থেকে ফিরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবে । এবিষয়ে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানান - **বাইট ৪০ সেকেন্ড**

---

উত্তরাখণ্ডে আনুষ্ঠিত ৩৮ তম জাতীয় ক্রীড়া প্রতিযোগীতার আজ সমাপ্তি হয় । এই প্রতিযোগীতার সমাপ্তি আনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন । এছাড়া সমাপ্তি অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী মনসুক মান্ডভিয়া , উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুস্কর সিং ধামি সহ বহু বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

এপর্যন্ত অনুষ্ঠিত জাতীয় ক্রীড়া সমারোহের মধ্যে সার্ভিসেস পাচটিতেই পদক তালিকায় শীর্ষ স্থান আধিকার করতে সমর্থ হয়েছে ।এদিকে প্রতিযোগীতায় আসাম তিনটি সোণা , ১৫ টি  রুপো , ১৬ টি ব্রোঞ্চ পদক সহ মোট ৩৪ টি পদক পেয়ে তালিকার ২৪ নম্বর স্থানে রয়েছে ।

---

রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকতার প্রতি  কৃতজ্ঞতার নির্দশন স্বরূপ কাছাড় জেলার ৯৪ জন সরকার স্বীকৃত সাংবাদিককে সৌজন্য উপহার দিয়ে সম্মানিত করেছেন । এ উপলক্ষে কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং তথ্য ও জনসংযোগ বিভাগের সহযোগীতায় আয়োজিত এক সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব সাংবাদিকদের হাতে পুরষ্কার তুলে দিয়েছেন ।

সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে সাংবাদিকরা সমাজের এক গুরুত্বপূর্ন স্তম্ভ । তারা প্রশাসন ও জনগনের মধ্যে সেতু বন্ধনের কাজ করে চলছেন ।

---

কাছাড় জেলা মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে এবং জেলার স্বাস্থ্য বিভাগ , অসম গ্রামীন জীবিকা মিশন ও জেলা আইন সেবা কর্তৃপক্ষের সহযোগীতা আজ শিলচর সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালের সম্মেলন কক্ষে কন্যা সুরক্ষা ,ভবিষ্যৎ সুরক্ষা বিষয়ের উপর একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উপদেষ্টা অরুনিমা পুরকায়স্থ প্রি-কনসেপশন এন্ড প্রি -নেটেল ডায়গনষ্টিক টেকনিকস আইনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন । শ্রীমতি পুরকায়স্থ বলেন যে লিঙ্গ ভিত্তিক ভ্রুন হত্যা শুধুমাত্র একটি আইনী অপরাধ নয় , এটি সমাজের এক গভীর ক্ষত যা নারীর সম্মান ও জনসংখ্যাগত ভারসাম্যকে নষ্ট করে । আজকের সচেতনতা সভায় আশা কর্মী , নার্স , আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যরা অংশগ্রহন করেন ।